জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ৵০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

—০:০—

মহারাজা, রাজা, মহামহোপাধ্যায় পণ্ডিত, উচ্চ রাজকর্ম্মচারী ও বহু অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

সোণামুখী কেশ তৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট গুণে ও গন্ধে অতুলনীয়।
মূল্য প্রতি শিশি ১৲ এক টাকা।

শ্যামা দন্তমঞ্জন

দন্ত রোগের মহৌষধ। মূল্য প্রতি শিশি ৷৷০ আনা।

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(গভর্ণমেণ্ট রেজিষ্টার্ড)
সোণামুখী ভবন, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)

৩৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২০শে বৈশাখ বুধবার ১৩৫৭ ইংরাজী 3rd May. 1950 | ৪৮শ সংখ্যা

বিখ্যাত কাটনীর চূণ

যাবতীয় ইমারতি কাজের ও পানে খাওয়ার জন্য উৎকৃষ্ট ১নং পাথর চুণ পাওয়া যায়। নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীপরিমলকুমার ধর
জঙ্গিপুর (ঠাকুরবাড়ীর সন্নিকট)

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

প্রতিশ্রুতি

বসন্তের মুকুল আনে বর্ষাদিনের পরিপক্ক ফলের সম্ভাবনা। ভবিষ্যৎ দৃষ্টি আনে শেষ জীবনের অখণ্ড আনন্দের প্রতিশ্রুতি। আপনার জীবনেও সেই প্রতিশ্রুতি আনতে পারে আপনার ভবিষ্যৎ দৃষ্টি,—যার অভাবে মানুষের জীবন ক্রমশঃ দুর্বহ হয়ে উঠে প্রতিদিনের অভাব ও লাঞ্ছনায়।

জীবন-বীমার প্রতিশ্রুতিতে আপনার বর্তমান আশা ও উৎসাহে ভরে উঠবে, নিরাপদ জীবন যাপনের নিশ্চয়তায় ভবিষ্যৎ হয়ে উঠবে উজ্জ্বল ও শান্তিময়। হিন্দুস্থানের বীমাপত্র দীর্ঘ ৪৩ বৎসরকাল এই প্রতিশ্রুতি বহন করে চলেছে দেশবাসীর ঘরে ঘরে।

আপনাকে জীবনের অবশ্য কর্তব্য পালনে সহায়তা করবার জন্য হিন্দুস্থানের কর্মিগণ সর্বদাই প্রস্তুত। আপনার ও আপনার উপর নির্ভরশীল পরিজনবর্গের ভবিষ্যৎ সংস্থান উপেক্ষণীয় নহে।

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

২০শে বৈশাখ বুধবার সন ১৩৫৭ সাল।

জবরদোস্তী ও জবরদস্তী

—:০:—

"জবর-দোস্তী" এবং "জবরদস্তী" শব্দ দুইটীর উচ্চারণে সামান্য পার্থক্য থাকিলেও শুনিতে একই রকম। (১) জবর-দোস্তী জবর মানে জাঁকালো, উত্তম ; দোস্তী মানে বন্ধুত্ব। (২) জবরদস্তী মানে জুলুম, বলপ্রয়োগ, পীড়ন।

পাকিস্থান রাষ্ট্রে শাসক সম্প্রদায় সংখ্যালঘু হিন্দুগণের উপর জবরদস্তী আরম্ভ করিল। ভারত-রাষ্ট্র ধর্ম্ম-নিরপেক্ষ রাজ্য, তবুও এ রাষ্ট্রের প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলালের পরাণ হিন্দুদের জন্য কাঁদিয়া উঠিল কেন? পরাধীন ভারতকে ইচ্ছামত তিন টুক্‌রো করিয়া পশ্চিম পাঞ্জাব আর পূর্ব্ববঙ্গকে পাকিস্থান নাম দিয়া মুসলমানের কবলে, এবং ভারতবর্ষের বাকি সমস্তটাকে ভারত নাম দিয়া, কোনও ধর্ম্ম নাই যাঁদের, সেই কংগ্রেসের কবলে দিয়া দেউলিয়া ইংরাজ যাইবার সময় এই দুই সম্প্রদায়কে ডোমিনিয়ন ষ্টেটাস্ নামক স্বাধীনতা দিয়া গেলেন। কংগ্রেসের ভরসা করিয়া পশ্চিম পাঞ্জাবের হিন্দু ও শিখ অধিবাসিগণ এবং পূর্ব্ববঙ্গের হিন্দুগণ এই অবাঞ্ছিত রাষ্ট্রেই বাস করিতে সম্মত হইয়াছিলেন। পশ্চিম পাঞ্জাব শরিয়তীর চোটে হিন্দু ও শিখ শূন্য হইয়াছে। ভারত তাহার প্রতিকার করিতে পারেন নাই। এইবার পূর্ব্ববঙ্গে সমান শরিয়তীর আত্মপ্রকাশে হিন্দু শূন্য হইতে চলিয়াছে।

ভারতের প্রধান মন্ত্রী যেমন পশ্চিম পাঞ্জাবের শিখ ও হিন্দুর স্বার্থ রক্ষা করিতে পারেন নাই তেমনি পূর্ব্ববঙ্গেও পারিবেন না বলিয়া গোড়া হইতে দর্শকের ভূমিকা অভিনয় করিলেই যেন শোভন হইত বলিয়া মনে হয়। পূর্ব্ববঙ্গের ব্যাপারকে বাংলার বিপদ না বলিয়া ইহা সর্ব্ব-ভারতীয় বলিয়া ঘোষণা করিলেন। দুই দুই বার কলিকাতায় আসিয়া উদ্বাস্তুদের দশা দেখিয়া কত আশার বাণী দিলেন। তাঁহার বাণী শুনিয়া মনে হইল উদ্বাস্তুদের ভয় নাই। তিনি প্রথমতঃ দোস্তী দিয়া এই সংঘর্ষ মিটাইবার জন্য উভয় রাষ্ট্রের যুক্ত তদন্ত যুক্ত বিবৃতি প্রভৃতি কত দোস্তীর কথা বলিলেন। পাকিস্থান "না" ছাড়া "হাঁ" বলিল না। একদিন পাকিস্থানী প্রধান মন্ত্রী জনাব লিয়াকত আলী খাঁ সব মীমাংসা করিবার জন্য পণ্ডিতজীর নিকট দিল্লী আসিলেন। হিন্দু ঠ্যাঙ্গানির ব্যাপার মিটাইতে আসিয়া কয়লা পাট প্রভৃতি বহু লাভ-জনক ব্যাপার হাসিল করিয়া পণ্ডিত নেহেরুর সহিত মিত্রতা করিয়া গেলেন। জবরদস্তীর পরিণাম উভয় মন্ত্রীর মধ্যে জবর-দোস্তীর সূচনা হইয়া চুক্তি স্বাক্ষরিত হইল। পণ্ডিতজীও করাচী গিয়া আত্মীয়তা করিয়া আসিলেন। জনাব লিয়াকত আলি ভারতের মন্ত্রীকে ঠাণ্ডা করিয়া যাত্রা করিলেন আমেরিকা আধুনিক অস্ত্রসম্ভারাদি সংগ্রহের জন্য। পূর্ব্ববঙ্গে যে হিন্দু ঠ্যাঙানি চলিতেছিল, তাহাই চলিতে লাগিল। ভারতের সহকারী প্রধান মন্ত্রী সর্দ্দার প্যাটেল অসুস্থ দেহ লইয়াও, যাহাতে চুক্তি কার্য্যকরী হয়, তাহার জন্য কলিকাতা ছুটিয়া আসিলেন। বাংলার প্রধান মন্ত্রী মাননীয় বিধান-চন্দ্রের দিল্লীতে ডাক পড়িল। বাংলার যে দুইজন মন্ত্রী দিল্লীর দরবারে স্থান পাইয়াছিলেন, এই চুক্তি যুক্তিযুক্ত নয় বলিয়া পদত্যাগ করিলেন। তাহাতে দিল্লীর বা করাচীর কি যায় আসে। ভাত ছড়ালে কাকের অভাব নাই। ভারতের ভাগ্যবিধাতা দিল্লীওয়ালারা পাকিস্থানের সহিত জবর-দোস্তী করিয়া চলিতেছেন, ফলে বাঙলা পাকিস্থানের নিকট পাইতেছে জবরদস্তী। যেমন উদ্বাস্তু-স্রোত পশ্চিম বঙ্গে আসিতেছিল তাহা অব্যাহতই আছে।

বিরোধী বন্ধুর মিলনের বিষক্রিয়া

প্রাকৃতিক দৃষ্টান্ত দিয়া কবি বলেন—

"শত্রুণা নহি সন্দধ্যাৎ
সংশ্লিষ্টেনাপি সন্ধিনা।
সুতপ্তমপি পানীয়ং
শময়ত্যেব পাবকম্ ॥"

অর্থ—শত্রুর সহিত সন্ধি হইলেও তাহাকে বন্ধু মনে করিবে না। কারণ জল অগ্নিতুল্য উত্তপ্ত হইলেও অগ্নিকে নির্ব্বাণ করে। ইহাই প্রাকৃতিক নিয়ম। কিন্তু জল অগ্নি সংযোগে উত্তপ্ত হইলে, জল এবং অগ্নি উভয়েই অন্যকে দগ্ধ করিতে সক্ষম হয়।

বিবদমান দুই বন্ধুর অকস্মাৎ মিলন অন্যের পক্ষে কত সাংঘাতিক হয় তৎসম্বন্ধে একটী গল্প আছে।

এক সময়ে দুই জন গাঁজাখোর এই নেশার জন্য পরস্পর পরস্পরের বন্ধু হইয়াছিল। ইহাদের মধ্যে এক জন অন্যের অপেক্ষা অর্থশালী। অভাবে পড়িয়া গরীব বন্ধু গঞ্জিকা সেবনের সময় ধনী বন্ধুর নিকটে কতকগুলি টাকা কর্জ্জ চাহিল। তখন গঞ্জিকা প্রসাদে উভয়ে এক-প্রাণ। ধনী বন্ধু এক হ্যাণ্ডনোট লিখাইয়া লইয়া তাহাকে টাকা ধার দিল। হ্যাণ্ডনোট তামাদি হইতে চলিল তবু টাকা শোধ করিল না দেখিয়া মহাজন বন্ধু নালিশ করিয়া ডিক্রী জারী করতঃ দেনাদার বন্ধুকে "বডি ওয়ারেণ্টে" গ্রেপ্তার করিয়া ৪ ক্রোশ দূরবর্ত্তী আদালতে লইয়া চলিল। রাস্তায় চলিয়াছে মহাজন বন্ধু, দেনাদার বন্ধু আর আদালতের পেয়াদা। মহাজন বন্ধুর সঙ্গে দেনাদার বন্ধুর বাক্যালাপ নাই। মহাজন বন্ধুর কাছে গাঁজার তোড়জোড় সব আছে। রাস্তায় এক বৃক্ষতলে বিশ্রামার্থ তিন জনেই বসিল। মহাজন গাঁজা সাজিয়া মহাদেবকে নিবেদন করিয়া এক দম টানিয়া চক্ষু মুদ্রিত করিয়া ধুম উদ্গীরণ করিল। কোন গঞ্জিকা ভক্তকে বঞ্চিত করা শিবের আজ্ঞার বহির্ভূত। কাজেই কলিকাটী মাটিতে রাখিয়া বলিল "কেহ খোর লোক থাকে, তুলে নেবে" দেনাদার তুলিয়া লইয়া প্রসাদ খাইল। বার কত কলিকা আদান প্রদানের পর উভয়ের আবার এক প্রাণ। তখন উভয়ে উভয়ের সহিত দুঃখের কথা কহিতে কহিতে দেনাদার পেয়াদার গালে এক চড় দিয়া বলিল—দোস্তে দোস্তে মামলা, তুই শালা বাইরের লোকের কি। শালা আমাকে বাঁধবার তুই কে? তখন দুই বন্ধুতে মিলিয়া পেয়াদা বেচারীকে উত্তম মধ্যম দিল। সদ্য মিলিত জবর-দোস্তগণের জবরদস্তীর মিলিত প্রকোপ সময় সময় অন্য নিরীহ লোকদেরও সহিতে হয়।

নিলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ১৫ই মে ১৯৫০

১৯৪৯ সালের ডিক্রীজারী

৪৭২ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং আপসোর সেখ দিং দাবি ৮৫।৩ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ৩-৬২ শতকের কাত ১২/৬ আঃ ১০৲ থং ৪৭১

চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ২২শে মে ১৯৫০

১৯৫০ সালের ডিক্রীজারী

১৩৭ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা দেং উলাঙ্গিনী দাসী দাবি ৯।৩ থানা সাগরদীঘি মৌজে জালবান্ধা ১৯ শতকের কাত ।৵৯ আঃ ৫৲ থং ১০১

১৩৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১৵০ মৌজাদি ঐ ২০ শতকের কাত ৸৮ আঃ ৫৲ থং ১৮০

চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১২ই জুন ১৯৫০

১৯৪৯ সালের ডিক্রীজারী

৭৩২ থাং ডিঃ উমানাথ সিংহ দেং জ্যোৎস্নাকুমার রায় দাবি ২৬৷৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে দক্ষিণপাড়া ৪ শতকের কাত ৪৵৯ আঃ ১০৲ থং ৬৮১ রায়ত স্থিতিবান

১৯৫০ সালের ডিক্রীজারী

২৮ থাং ডিঃ সতীশচন্দ্র চৌধুরী দেং নন্দরাণী দাসী দিং দাবি ২৮।০ থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়া মধ্যে মোমিনটোলা ১-৪৮ শতকের কাত ৩৷৵ আঃ ১৫৲ থং ৪৮৯

৮৮ থাং ডিঃ কুমার বীরেন্দ্রনাথ রায় বাহাদুর দেং ধীরেন্দ্রনাথ দাস দাবি ১২৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে রাজনগর ২ শতকের কাত ৸০ আনা আঃ ৫৲ থং ১৫১ রায়ত স্থিতিবান

৯৯ থাং ডিঃ লুটবিহারী দত্ত দেং পদ্মকামিনী দেবী দাবি ১০৸৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সোণাটিকরী ৯ শতকের কাত ২৸০ আঃ ২৲ থং ৪০

১৩৯ থাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং যোগীন্দ্রনারায়ণ দত্ত দিং দাবি ৪৩৫৷৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামচন্দ্রবাটী, চকবহালা, গনকর, দক্ষিণপাড়া, মির্জ্জাপুর ও বিজয়পুর ২০-৭৪ শতকের কাত ৮১৸৵৬ আঃ ৫০৲ থং ৪৫৪, ১১৮, ৩২০, ৩৯১, ১৮২, ৬৩ রায়ত মোকররী

১৪০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৯।৵৩ থানা ঐ মৌজে রামচন্দ্রবাটী, চকবহালা ৪-৬৯ শতকের কাত ২১৸২ আঃ ১৫৲ থং ৪৫২, ১১৯ রায়ত মোকররী

১৫৭ থাং ডিঃ গোপীবল্লভ মুখোপাধ্যায় দেং শচীন্দ্রনাথ চৌধুরী দাবি ২৫৸৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ১-২৬ শতকের কাত ৭৲ আঃ ২০৲ থং ২৫৬

১৬৮ থাং ডিঃ নীরেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং লাদুলাল সেরাওগী দিং দাবি ৪৫/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে প্রসাদপুর ১-১১ শতকের কাত ৬৷৵৬ আঃ ৩০৲ থং ১৪৫।১৫

১৭৭ থাং ডিঃ শ্যামাপদ রায় দিং দেং মোহিনীমোহন রায় দাবি ১৫৷৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ২৪ শতকের কাত ২/৮ আঃ ৫৲ থং ৮৪২ রায়ত স্থিতিবান

১৪৩ থাং ডিঃ ভগবতীপ্রসাদ মিশ্র দিং দেং সীতানাথ সরকার দিং দাবি ৪৩৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়া ৬৩ শতকের কাত ৫৵৩ আঃ ৩৫৲ থং ২১৫ কোর্ফা

১২৪ থাং ডিঃ একজিকিউটার কুমার জ্ঞানেন্দ্রনারায়ণ সিংহ দিং দেং সাবেরালি সেখ দিং দাবি ৩০৸৩ থানা সুতী মৌজে হাজিপুর বামুহা ২-২৪ শতকের কাত ২৸১০ আঃ ৮৲ থং ৪৩, ৭২ রায়ত স্থিতিবান

১২৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১৸৬ থানা সুতি মৌজে বামুহা ৬৩ শতকের কাত ৸৵৮ আঃ ৫৲ থঃ ১১২ রায়ত মোকররা

১৪১ থাং ডিঃ সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং এব্রাহিম মণ্ডল দাবি ১৬৷৵৬ থানা সুতি মৌজে বহুতালী ২-২৬ মধ্যে ১১ শতকের কাত ১/১০ আঃ ১০৲ থং ১১০

১৭৩ থাং ডিঃ নৃপেন্দ্রকৃষ্ণ চৌধুরী দিং দেং নরেন্দ্রনাথ দত্ত দিং দাবি ৬৭৵৩ থানা সুতি মৌজে কিঃ বংশবাটী ২-৭৬ শতকের কাত ৯৩ আঃ ৩০৲ থং ১০৪৯।১০৫০।১০৫৩।১০৫৪।১০৪৬

৪ মনি ডিঃ শরৎচন্দ্র দত্ত দেং নলিনাক্ষ রায় দাবি ২৪৸৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ২৩ শতকের কাত ১।৵৩ তন্মধ্যে ১৮ শতক আঃ ১০৲ থং ৪৮৯

চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ১৯শে জুন ১৯৫০

১৯৫০ সালের ডিক্রীজারী

১২২ থাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং শম্ভুনাথ দাস দিং দাবি ৩৫৸৵০ থানা সাগরদীঘি মৌজে রতনপুর ও ব্রাহ্মণীগ্রাম ২-৮৫ শতকের কাত ২১৲ আঃ ৫০৲ থং ২২৮ ও ১৫৫

১২১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১।৵৩ থানা ঐ মৌজা ব্রাহ্মণীগ্রাম ৪৭ শতকের কাত ৩।৵৬ আঃ ৬৲ থং ২২৯

১২৫ থাং ডিঃ ঐ দেং রঘুনাথ দাস দাবি ৪৮৸৬ মৌজাদি ঐ ৭-৩৪ শতকের কাত ৭৷৹ আঃ ২৫৲ থং ২৩৫

১২৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪২৲ মৌজাদি ঐ ১-০৪ শতকের কাত ৬।/০ আঃ ৩০৲ থং ২২৭

১৭২ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং শ্বেতবরণী দাসী দাবি ৬৫৸৬ থানা ঐ মৌজা খাড়ুগ্রাম ৩-১৩ শতকের কাত ১০৷/১১ আঃ ৩০৲ থং ১৮৭

১৭৩ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং যোগমায়া দাসী দাবি ৯৸৬ মৌজাদি ঐ ১৪ শতকের কাত ।৵৯ আঃ ৫৲ থং ২৫৫

১৭৪ থাং ডিঃ ঐ দেং গুরুদাস সাহা দিং দাবি ১০।৩ মৌজাদি ঐ ১৭ শতকের কাত ।৶৬ আঃ ৫৲ থং ১৯১

৭৫ থাং ডিঃ বীরেন্দ্রনাথ মহান্তা দেং পশুপতি সাহা দিং দাবি ১৫৵৩ থানা সাগরদীঘি মৌজে খারিওর ১ ৬৫ শতকের কাত ৩৸৵১০ আঃ ৫৲ থং ৪২৫

৯২ থাং ডিঃ সেবাইত মহান্ত গণপতি দাস গোস্বামী দেং কানিকুড়া মণ্ডল দিং দাবি ১২৷/১০ থানা সাগরদীঘি মৌজে ভুরকুণ্ডা ৩-৭৩ শতকের কাত ১৸৬ আঃ ৫৲ থং ১৪১

৭৭ থাং ডিঃ বীরেন্দ্রনাথ মহান্তা দিং দেং গৌরীশঙ্কর চৌধুরী দিং দাবি ২৫৪/৯ থানা সাগরদীঘি মৌজে বেলড়িয়া ৯-৮২ শতকের কাত ৫৬৷৵১১ আঃ ২১০৲ রায়ত স্থিতিবান

৭৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৫৷৵৩ থানা ঐ মৌজে খারিওর ২-৯৭ শতকের কাত ১০৸৵০ আঃ ২৫৲ থং ৪৪৩ রায়ত স্থিতিবান

[পৃষ্ঠে দেখুন।

(পূর্ব্ব পৃষ্ঠার জের)

৭৯ খাং ডিঃ বীরেন্দ্রনাথ মহাতা দিং দেং জগদিন্দ্রনাথ চৌধুরী দাবি ৮৬৸৭ থানা সাগরদীঘি মৌজে বেলড়িয়া ৬-৩ শতকের কাত ৩৩৸৫ আঃ ৫০৲ খং ১৭৩

১৩২ খাং ডিঃ শ্যামাপদ রায় দেং গোষ্ঠবিহারী নাথ দাবি ২৪।৵৯ থানা সাগরদীঘি মৌজে ভূমিহর ১-৮২ শতকের কাত ৬।০ নিজাংশে ৩৵০ আঃ ৫৲ খং ১০৭১ অধীনস্থ খং ১০৭২ রায়ত স্থিতিবান

৫৭ খাং ডিঃ সত্যেন্দ্রমোহন মুখোপাধ্যায় দিং দেং লালমহম্মদ সেখ দিং দাবি ৪৩৫৬ থানা সাগরদীঘি মৌজে ঈশ্বরবাটী ২-৪০ শতকের কাত ১০৲ আঃ ২০৲ খং ৯৮ রায়ত স্থিতিবান

১২৩ খাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং শম্ভুনাথ দাস দাবি ২৭৷৵০ থানা সাগরদীঘি মৌজে ব্রাহ্মণীগ্রাম ৩ একর জমির কাত ১৩৷৵৬ আঃ ২০৲ খং ২২৫

১৭০ খাং ডিঃ জগদিন্দ্রনাথ চৌধুরী দিং দেং লালমহম্মদ মণ্ডল দিং দাবি ৭৪৷৵৬ থানা সাগরদীঘি মৌজে ফুলসহরী ১-৯৯ শতকের কাত ১৩৷৵১৫ আঃ ২৫৲ খং ১২৬ রায়ত স্থিতিবান

১১৫ খাং ডিঃ মহারাজ কুমারী রাণী শ্যামলতা কুমারী সাহেবা দেং মধুসূদন বন্দ্যোপাধ্যায় দাবি ২০০৵৬ থানা সাগরদীঘি মৌজে জামালমাটী ২৮-৩২ শতকের কাত ১২০৵২ আঃ ১৮৫৲ খং ১৪৭ অধীনস্থ খং ১৫৬ রায়ত স্থিতিবান

১৭১ খাং ডিঃ সেবাইত রাধাবল্লভ নাথ দেং ভোলানাথ দাস দাবি ২১৷৵৬ থানা সাগরদীঘি মৌজে চাঁদপাড়া ২৯ শতকের কাত ৮৵০ আঃ ৫৲ খং ২৪২

১৮০ খাং ডিঃ কমন ম্যানেজার রণেন্দ্রনারায়ণ বাগচী দেং গোপালচন্দ্র দাস দাবি ২৬৵৯ থানা সাগরদীঘি মৌজে চক সিহাড়া ১-১৯ শতকের কাত ৩।৵১০ আঃ ১১৲ খং ২৮ রায়ত স্থিতিবান

১৮১ খাং ডিঃ ঐ দেং গোষ্ঠবিহারী মণ্ডল দাবি ১৪৷৵৬ মৌজাদি ঐ ৩৮ শতকের কাত ১৸৵০ আঃ ৯৲ খং ২৬ ঐ স্বত্ব

১৮৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৸৬ মৌজাদি ঐ ১-৪০ শতকের কাত ১৷০ আঃ ৮৲ খং ২৫ ঐ স্বত্ব

১৮২ খাং ডিঃ ঐ দেং খুদু মুচি দিং দাবি ১৫৷৵০ মৌজাদি ঐ ৩৯ শতকের কাত ১৷১২ আঃ ৮৲ খং ৩১ ঐ স্বত্ব

১৮৮ খাং ডিঃ পদ্মকামিনী দেবী দেং জানমহম্মদ সেখ দাবি ২৬৯ থানা ফরক্কা মৌজে ভবানীপুর ১-৩১ শতকের কাত ৩।৵১৷ আঃ ১০৲ খং ৫ ও ৮০



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত